৬৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ২

# নকল প্রতিরোধে শিক্ষকসহ শিক্ষা প্রতিষ্ঠানকেও শাস্তি বিধানের উদ্যোগ

**রেজানুর রহমান** ॥ বোর্ডের পরীক্ষায় নকল প্রবণতা দূর করার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় বিভিন্ন পদক্ষেপ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করিয়াছে। এখন হইতে এই অপরাধের জন্য অভিযুক্ত পরীক্ষার্থীর পাশাপাশি তদন্তের ভিত্তিতে শিক্ষক কর্মকর্তাকেও শাস্তি প্রদানের ব্যবস্থা করা হইতেছে। কোন স্কুল অথবা কলেজে অধিক হারে নকল এবং এই ঘটনাকে কেন্দ্র করিয়া ভাঙ্গচুর হইলে তদন্তের (২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## নকল প্রতিরোধে

(১ম পৃঃ পর)

ভিত্তিতে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র বাতিল এবং সংশ্লিষ্ট স্কুল অথবা কলেজের সরকারী অনুদান বন্ধ রাখা হইবে। ইতিমধ্যে কুমিল্লার চৌদ্দগ্রাম সরকারী ডিগ্রী কলেজ ও চিওয়ারা কলেজের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। কয়েকদিন আগে এইচএসসি পরীক্ষা পরিদর্শনের জন্য শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক উল্লেখিত কলেজ দুইটি পরিদর্শনে গিয়া পরীক্ষার ক্ষেত্রে ব্যাপক বিশৃঙ্খলা ও অনিয়ম দেখিতে পান। মন্ত্রীর উপস্থিতিতে কলেজ দুইটির পরীক্ষা কেন্দ্র হইতে তিন বস্তা নকল উদ্ধার করা হয়। মন্ত্রী তৎক্ষণিকভাবে কলেজ দুইটির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। তাৎক্ষণিক পদক্ষেপ হিসাবে চিওয়ারা কলেজের প্রিন্সিপালের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হইয়াছে। এই কলেজের প্রিন্সিপালের বেতনের সরকারী অংশ অনির্দিষ্ট কালের জন্য বন্ধ রাখা হইবে। চৌদ্দগ্রাম সরকারী ডিগ্রী কলেজের প্রিন্সিপালকে যথাশীঘ্র সম্ভব অন্যত্র বদলী করার নির্দেশ দেওয়া হইয়াছে।

দেশের ৫টি শিক্ষা বোর্ডের এইচ এস সি পরীক্ষা চলিতেছে। বিভিন্ন স্থানের পরীক্ষা কেন্দ্রে অস্বাভাবিক নকলের ঘটনা ঘটিয়াছে। নকলের দাবীতে ভাঙ্গচুর, জ্বালাও পোড়াও, শিক্ষক প্রহারের মত জঘন্য ঘটনাও ঘটিয়াছে। উদ্ভূত পরিস্থিতিতে শিক্ষা মন্ত্রণালয় সার্বিক দিক পর্যালোচনার সিদ্ধান্ত নিয়াছে। যে সব কলেজে ভাঙ্গচুর ও কর্মকর্তাকে প্রহারের ঘটনা ঘটিয়াছে সেই সব কলেজের পরীক্ষার হলে কর্তব্যরত শিক্ষক, কর্মকর্তারা দায়িত্ব পালনের ক্ষেত্রে অবহেলা করিয়াছেন কিনা তাহা তদন্ত করা হইতেছে। অভিযুক্ত শিক্ষক-কর্মকর্তাদের তালিকা প্রণয়ন করা হইতেছে। পরীক্ষা শেষে তদন্ত সাপেক্ষে দোষী ব্যক্তির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হইবে।

শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা বলেন, পরীক্ষায় নকল প্রবণতা দূর করার ব্যাপারে নিরপেক্ষতা বজায় রাখা হইবে। অধিক হারে কোন কলেজ বা স্কুলে নকলের ঘটনা ঘটিলে পরীক্ষা কেন্দ্র অবশ্যই বাতিল হইবে। নকল করার ক্ষেত্রে সহায়তাকারী শিক্ষকদের বিরুদ্ধেও দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হইবে।